চুয়াডাঙ্গায় ৫০০ কর্মহীনকে খাদ্য সহায়তা দিলো বুরো বাংলাদেশ

চুয়াডাঙ্গা সদর উপজেলায় করোনার কারণে কর্মহীন হয়ে পড়া নিম্ন আয়ের মানুষের মাঝে খাদ্য সামগ্রী বিতরণ করেছে বেসরকারি উন্নয়ন সংস্থা বুরো বাংলাদেশ। সদর উপজেলার ৫০০ কর্মহীন পরিবারের মাঝে এ খাদ্য সামগ্রী বিতরণ করা হয়।

আজ শনিবার সকালে চুয়াডাঙ্গা কালেক্টরেট স্কুল অ্যান্ড কলেজ ও পুরাতন স্টেডিয়ামে খাদ্য সামগ্রী বিতরণ করা হয়। চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. সাদিকুর রহমান এ কর্মসূচীর উদ্বোধন করেন।

এসময় আরো উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা কালেক্টরেট স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষ মো. মাসুদ উজ্জামান এবং বুরো বাংলাদেশের পক্ষে কুষ্টিয়া অঞ্চলের আঞ্চলিক ব্যবস্থাপক আবুল হোসেন মিঞা, দৌলতপুর এলাকার এলাকা ব্যবস্থাপক সুলতান আহম্মদ, কুমারখালী এলাকার এলাকা ব্যবস্থাপক মো. আক্তারুজ্জামান, চুয়াডাঙ্গা শাখার শাখা ব্যবস্থাপক সনাতন কুন্ডু,

আলমডাঙ্গা শাখার শাখা ব্যবস্থাপক সমীর কুমার ঘোষ, মিহির কুমার সরকার, মো. শাহজাহার আলী, গোকুল কুমার সরকার, শাখা হিসাবরক্ষক মো. ইসমাইল হোসেন, মো. নূর হোসেন, উর্ধ্বতন কর্মসূচী সংগঠক রনজিত চক্রবর্তী, ছবির উদ্দিন, মো. বিল্লাল হোসেন প্রমুখ।

চাল, ডাল, তেল, আলু, লবণ, সাবান, মাস্কসহ নিত্যপ্রয়োজনীয় খাদ্য সামগ্রী পেয়ে হতদরিদ্র মানুষেরা খুশি হয়েছেন বলে জানান সহায়তাপ্রাপ্তরা।

আকাশ যখন ছাদ, রোদ-বৃষ্টি তার নিত্য সঙ্গী

মেহেরপুরের গাংনীতে প্রতিবন্ধী ৪ কন্যাকে নিয়ে মানবেতর জীবন পার করছে মা মেহেরনীগার। একদশক আগে স্বামী হারিয়ে ভিক্ষা করে সংসার চালায় মেহেরনীগার। কখনো খেয়ে আবার কখনো না খেয়ে দিন পার করে পরিবারের ৫ সদস্য। বাংলাদেশ সরকার যখন গরীব অসহায় মানুষদের পাশে দাড়িয়েছে। তখনও মেহেরনীগারের ভাগ্যে জোটেনি কোন সহযোগিতা। খোলা আকাশ যার ঘরের ছাদ, রোদ-বৃষ্টি তার নৃত্যদিনের সঙ্গী।

জানা গেছে, মেহেরপুর জেলার গাংনী উপজেলার ৮নং ধানখোলা ইউপি ৫ নং ওয়ার্ড ভাটাপাড়া গ্রামের ভাঙা মাটির ঘরে ৪ প্রতিবন্ধী সন্তান নিয়ে বসবাস করে মেহেরনীগার। ২০১২ সালে মেহেরপুর শহরের ভিক্ষা করতে গেলে সড়ক দুর্ঘটনায় মারা যায় স্বামী শফিকুল ইসলাম।
রেখে যায় ৪ মানসিক প্রতিবন্ধী কন্যা সন্তান। প্রথম কন্যা চাঁনতাঁরা খাতুন (১৭) ২য় কন্যা শুকতাঁরা খাতুন (১৪) ৩য় আঁখিতাঁরা খাতুন(১০) ৪র্থ নয়নতাঁরা খাতুন (৬)।

তবে ৪র্থ কন্যা সন্তান কে জালশুকা গ্রামে রফেউদ্দীন লালন পালন করছে ।

মেহেরনীগার বেগম জানান, “কোন আবাদি জমিজমা নেই, দেড় কাটা জমির উপর ক্ষুদ্র মাটির ঘর ছিলো। কিন্তু প্রাকৃতিক দুর্যোগ সেটাও চলে যায়। প্রথম কন্যা চাঁদতাঁরা খাতুনকে সাথে নিয়ে সারা দিন ভিক্ষা করে যা পাই, তাই দিয়ে কোন রকম খেয়ে না খেয়ে দিন পার করি।”

৮নং ধানখোলা ইউপি ৫ নং ওয়ার্ডের মেম্বার হযরত আলী জানান প্রতিবন্ধী কার্ড করা হয়নি তবে আগামীতে করে দেওয়া জন্য চেষ্টা করবো।
ধানখোলা ইউপি চেয়ারম্যান আখেরুজ্জামান বলেন, “আমি চেষ্টা করছি ২জন প্রতিবন্ধীকে কার্ড করে দেওয়ার জন্য। একটি পরিবারের ৪ জন সদস্য প্রতিবন্ধী এদের জন্য আমি কিছু করতে চাই।”

গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান ও মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক এম এ খালেক বলেন বিষয়টি আমার জানা ছিলো না আমি দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা নেবো।

মেহরপুর জেলা যুবদলের উদ্যোগে খাদ্য সামগ্রী বিতরণ

মেহেরপুরে জেলা যুবদলের উদ্দ্যেগে, করোনাভাইরাসের প্রাদুর্ভাবে আজ বৃহস্পতিবার সকালে, মেহেরপুর সদর উপজেলার ৭টি গ্রামে কর্মহীন দুঃস্থ ও অসহায় ঘরবন্দি, ৭০০ পরিবারের মাঝে খাদ্য সামগ্রী বিতরণ করেন মেহেরপুর জেলা বিএনপি’র সভাপতি ও মেহেরপুর-১ আসনের সাবেক সংসদ সদস্য জনাব মাসুদ অরুন।

খাদ্য সামগ্রী বিতরণে উপস্থিত ছিলেন- মেহেরপুর জেলা যুবদলের সভাপতি জাহিদুল হক জাহিদ, সাধারণ সম্পাদক কাওসার আলী, সহ-সভাপতি মোশাররফ হোসেন তপু, বাবু সাবের, যুগ্ম-সাধারণ সম্পাদক সাইদুর রহমান সুজন, নওশেল আহমেদ রনি, সহ-সাংগঠনিক সম্পাদক শিমুল বিশ্বাস, সদর উপজেলা যুবদলের আহবায়ক লিয়াকত আলী, মুজিবনগর উপজেলা যুবদলের যুগ্ম-আহবায়ক খোরশেদ আলম দুখু।

এছাড়াও উপস্থিত ছিলেন- মেহেরপুর জেলা বিএনপি’র সহ-সভাপতি ওলি মোহাম্মদ, যুগ্ম-সম্পাদক আরজুল্লাহ মাষ্টার বাবলু, জেলা বিএনপি’র অন্যতম নেতা শাহজাহান শাহান সহ সদর উপজেলা বিএনপি ও অঙ্গ-সংগঠনের নেতৃবৃন্দ।

ঝিনাইদহের পুলিশ সুপার ডিএসবি দিয়ে ত্রাণ বঞ্চিত মানুষদের খুজে ত্রাণ দিচ্ছেন

ঝিনাইদহ পুলিশ সুপার হাসানুজ্জামান পিপিএম সোমবার সকালে ত্রাণ বঞ্চিত দুই শতাধিক প্রতিবন্ধী, বিধবা, স্বামী পরিত্যক্তা,

গৃহকর্মী, হতদরিদ্র, শ্রমিক ও নিম্নআয়ের মানুষদের খুঁজে বের করে তাদেরকে খাদ্য সহায়তা দিলেন আলহেরা ইসলামী ইনস্টিটিউট প্রাঙ্গণ।

এসময় আরো উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) আবুল বাশার, সদর থানার ওসি মিজানুর রহমান ও ট্রাফিক ইনেন্সপেক্টার সালাউদ্দীনসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

বিভিন্ন স্থানে এখনো যে সমস্ত হতদরিদ্র, শ্রমিক, শারীরিক ও মানসিক প্রতিবন্ধী, বিধবা, দিনমজুর, স্বামী পরিত্যক্তা, গৃহকর্মী ও নিম্নআয়ের মানুষ যারা ত্রাণসামগ্রী পাননি তাদেরকে গোয়েন্দা পুলিশের মাধ্যমে খোঁজ করে খাদ্যসামগ্রী দিচ্ছেন ঝিনাইদহ পুলিশ সুপার হাসানুজ্জামান পিপিএম।

খাদ্যসামগ্রীর মধ্যে আছে চাল, ডাল, আলু, তেল, লবন।

এছাড়া তার সকল পুলিশ বাহিনীর সুরক্ষার জন্য দিচ্ছেন মাস্ক, সাবান, হ্যান্ডসেনিটাইজার ।

পুলিশ সুপারের এই ব্যতিক্রমধর্মী উদ্যোগকে সাধুবাদ জানিয়েছেন অনেকেই ।

দর্শনা ট্রাক মালিক শ্রমিক ইউনিয়নের সাধারণ সম্পাদকের বিরুদ্ধে সরকারী অনুদান বিতরণে অনিয়মের অভিযোগ

চুয়াডাঙ্গার দর্শনা ট্রাক মালিক শ্রমিক ইউনিয়নের সাধারণ সম্পাদক নাজিম উদ্দীনের বিরুদ্ধে সরকারী অনুদান বিতরণে নানা অনিয়মের অভিযোগ উঠেছে।

জানা যায়, মহামারী করোনার কারণে ট্রাক মালিক শ্রমিক ইউনিয়নের অনেক শ্রমিক মানবেতর জীবনযাপন করছিলেন। এরই ধারাবাহিকতায়

চুয়াডাঙ্গা জেলা প্রশাসন শ্রমিকদের জন্য সরকারি অনুদান সাধারণ সম্পাদক নাজিম উদ্দীনের কাছে হস্তান্তর করেন। পরে তা প্রকৃত শ্রমিকদের কাছে বিতরণ করতে বলা হয়।

কিন্তু সে নিজের মন মত যাকে ইচ্ছা তাকে অনুদান দিয়েছে বলে অভিযোগ উঠেছে। গত রবিবার (৩ মে) সকাল ১১ টার দিকে ওই সরকারী অনুদান দর্শনা পৌরসভার কার্যালয় নির্ধারন করে বিতরণ করা হয়।

এসময় শ্রমিকরা অভিযোগ করে বলেন, এসব অনুদান কোনো প্রকৃত শ্রমিককে দেওয়া হচ্ছে না। তিনি মন মত যাদের খুশি অনুদান সামগ্রী বিতরণ করছেন।

শ্রমিকরা আরও অভিযোগ করেন, নাজিম উদ্দীন যাদের এই অনুদান দিয়েছে সকলেই তার পক্ষের ও যাদের মোটর শ্রমিকের কার্ড অনেক আগে মেয়াদ শেষ হয়ে গেছে। তারাই অনুদান পেয়েছে আর প্রকৃত শ্রমিকরা অধিকাংশই এ অনুদান থেকে বাদ পড়েছে।

এমন অনিয়মের অভিযোগের খবর শুনে ঘটনাস্থলে দর্শনা মেয়র এসে সকলকে শান্ত করেন এবং অপরাধি নাজিম উদ্দিনের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে বলেও জানান। এছাড়া ঢাকা-দর্শনার মধ্যে চলাচলকারী পরিবহণ ৯০জন শ্রমিকের কেউই এ ত্রান পায়নি বলে অভিযোগ তোলে।

এসময় সেনাবাহিনি ও দর্শনা থানার পুলিশ ঘটনা স্থান পরিদর্শন করেন। এসময় মটর শ্রমিকরা নাজিম উদ্দিনের বিরুদ্ধে আইনি ব্যবস্থা গ্রহনের জন্য জেলা প্রশাসকের নিকট দাবী তোলেন।

পৌরসভার উদ্যোগে করোনা ভাইরাস সম্পর্কে সচেতনতা সৃষ্টি ও জীবাণুনাশক স্প্রে

পৌরসভার উদ্যোগে করোনা ভাইরাস সম্পর্কে সচেতনতা সৃষ্টি ও জীবাণুনাশক স্প্রে করা হয়েছে। গতকাল সোমবার সকালের দিকে মেহেরপুর পৌরসভা চত্বর থেকে জীবাণুনাশক স্প্রে করণ শুরু করা হয়।

পরে পৌরসভার কর্মীরা মেহেরপুর শহরের প্রধান প্রধান সড়কে জীবাণুনাশক স্প্রে করে।

এর আগে পৌর মেয়র সর্বসাধারণের দৃষ্টি আকর্ষণ করে বলেন, “করোনাভাইরাস কে কেউ অবহেলার দৃষ্টিতে দেখবেন না। অযথা কেউ বাড়ির বাইরে বের হবেন না।”

মেহেরপুরে ফায়ার সার্ভিস কর্তৃক জীবাণুনাশক স্প্রে

মেহেরপুরে ফায়ার সার্ভিসের উদ্যোগে মেহেরপুরের বিভিন্ন স্থানে জীবাণুনাশক স্প্রে করা হয়েছে। করোনা ভাইরাসের প্রাদুর্ভাব দূর করতে এবং মানুষকে সুস্থ্য রাখার লক্ষ্যে এই স্প্রে প্রদান করে তারা।

গতকাল সোমবার সকালের দিকে মেহেরপুর ফায়ার সার্ভিসের একটি টিম মেহেরপুর শহরের বিভিন্ন জায়গাতে এই স্প্রে প্রদান করেছে।

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের স্টেশন অফিসার জাহিদুর রহমানের নেতৃত্বে স্প্রে করা হয়।

দর্শনায় ফেন্সিডিল সহ দুই মাদক ব্যবসায়ী আটক

দামুড়হুদার দর্শনা থানা পুলিশ মাদক বিরোধী অভিযান চালিয়ে ফেনসিডিল সহ দুই মাদক ব্যবসায়ীকে আটক করেছেন পুলিশ।

গতকাল সোমবার রাত ১০ টায় দামুড়হুদার দর্শনা থানায় অফিসার

ইনচার্জ মাহাবুবুুর রহমানের নির্দেশে এস আই সাইফুল ইসলামের নেতৃত্বে গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় সদস্য নিয়ে পারকৃষ্ণপুর
- মদনা ইউনিয়নের ছয়ঘরিয়া গ্রামের ইব্রাহিম হোসেনের ছেলে আহসান
(৪০) ও আদম আলীর ছেলে শাহজাহান (১৯) এর বাড়িতে অভিযান চালায়। অভিযান চালিয়ে ৪০ বোতল ফেন্সিডিল সহ তাদের কে আটক করেন।

এস আই সাইফুল ইসলাম জানান, “গোপন সংবাদের মাধ্যমে তাদের আটক করি। তাদের স্বীকারোক্তি জানতে পারি এদের একটি চক্র অভিনব কায়দায় মাদক ব্যবসা চালিয়ে আসছিলো।”

তিনি আরও বলেন, “মাদকের বিরুদ্ধে পুলিশ প্রশাসন এর কঠোর বার্তা জিরো টলারেন্স। মাদক ব্যবসায়ীরা যতই শক্তিশালী হোক না কেন কেউ রেহাই পাবে না।”

আটককৃতের বিরুদ্ধে পুলিশ বাদী হয়ে দর্শনা থানায় মাদক দ্রব্য আইনে মামলা দায়ের করেছেন।

জীবননগরে সরকারি ঘর নির্মাণের অনিয়মের অভিযোগ করাই কার্যক্রম বন্ধ ঘোষণা

দুর্যোগ ও ত্রান মন্ত্রনালয় কর্তৃক বরাদ্দকৃত সরকারি ঘর নির্মাণে অনিয়মের অভিযোগ করাই বিপাকে পড়েছেন ভুক্তোভোগী অসহায় পরিবারটি। অনিয়মকারীদের বিরুদ্ধে অভিযোগ করেও অসহায়ের মত কর্তৃপক্ষের দারে দারে ঘুরেও কোন বিচার পাননি। তাদের শেষ সম্বল ভিটা মাটি যে টুকু ছিল সেটুকু এই ঘর নির্মাণের জন্য সরকারের নামে বন্দোবস্ত দিয়ে তারা এখন পথে বসেছেন। ঘটনাটি ঘটেছে জীবননগর উপজেলা হাসাদাহ ইউনিয়নে।

জানা যায়, জীবননগর উপজেলা হাসাদাহ ইউনিয়নের জাফরাবাজ পাড়ায় মৃত সিরাজুল ইসলামের ছেলে সোহরাফ হোসেনের নামে দুর্যোগ ও ত্রান মন্ত্রনালয়ের বরাদ্দকৃত দুর্যোগ সহনীয় দুর্যোগ মোকাবেলার জন্য

দেশের অসহায় গরিব মানুষের জন্য সরকার একটি করে ঘর বরাদ্ধ দিয়েছিলেন।

তারই অংশ হিসেবে সোহরাফ হোসেনের নামে একটি ঘর বরাদ্ধ দেন অত্র ইউপি পরিষদের চেয়ারম্যান রবিউল ইসলাম রবি বিশ্বাস। কিন্তুু সেই ঘর নির্মানের জন্য সোহরাফ হোসেনের কাছ থেকে দফায় দফায় অর্থ আদায়ের অভিযোগ অত্র ইউনিয়ন পরিষদের এক ইউপি সদস্যের বিরুদ্ধে।

বিষয়টি এলাকায় জানাযানি হলে এমনকি বিভিন্ন পত্র পত্রিকায় প্রকাশিত হলে সবার মাঝে হাজারো নিন্দার ঝড় ওঠে। তার পর থেকে আপাততো ঘর নির্মাণের কার্যক্রম বন্ধ ঘোষণা করা হয়েছে। এতে করে অসহায় পরিবারটি পড়েছেন বড়ই বিপদে, বর্তমানে তার মাথা গোজার মত যে টুকু আশ্রয় ছিল সে টুকুও হারিয়ে আজ পথে বসেছেন।

তার কাছ থেকে দফায় দফায় এই ঘর নির্মাণের জন্য বিভিন্ন অজুহাত দেখিয়ে যে অর্থ আদায় করেছেন তার একটু ন্যায় বিচারের আশাই বিভিন্ন সময় উর্ধ্বতন কর্মকর্তাদের দারস্ত হয়েছেন এটাই ছিল তার অপরাধ।

কর্পাসডাঙ্গায় একসঙ্গে ৪ সন্তানের জন্ম দিলেন এক নারী

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা ইউনিয়নের কুতুবপুরে একসঙ্গে ৪ সন্তানের জন্ম দিলেন নারী মারুফা খাতুন নামের এক গৃহবধূ।

আজ বৃহস্পতিবার ভোর ৬ টার সময় চুয়াডাঙ্গা উপশম নার্সিং হোম ক্লিনিকে একসঙ্গে ৪ টি সন্তান নরমাল ডেলিভারিতে প্রসব করেন কুতুবপুর পূর্বপাড়ার মো: শাহাদৎ শেখের মেয়ে মারুফা খাতুন।

জানাগেছে, ২০০৯ সালে পারিবারিক ভাবে মারুফা খাতুনের বিবাহ হয় নাটুদহ ইউনিয়নের জগন্নাথপুর গ্রামের মো: আইনাল তরফদারের ছেলে এরশাদ আলীর সাথে।

বিবাহের ২ বছরের মাথায় সংসারে নতুন অতিথি হিসেবে মারুফার কোল

জুড়ে আগমন ঘটে এক কন্যা সন্তানের। এরপর সাত বছর পর ২০১৮ সালে একই সাথে অপুষ্টি ৩ (তিন) সন্তান জন্ম দিলে কয়েক দিন পর মারা যায়।

আজ বৃহস্পতিবার আবার মারুফা খাতুনের কোল জুড়ে এসেছে একসঙ্গে ২ পুত্র সন্তান ও ২ কন্যা সন্তান। তাই মারুফার পরিবারে এবং গ্রামবাসীর মধ্যে আনন্দ উৎফুল্ল বিরাজ করছে।

মা ও বাচ্চাদের শারীরিক অবস্থা জানতে চাইলে নার্সিং হোমে বাচ্চাদের সঙ্গে থাকা মামা মাহবুর রহমান সকলের কাছে দোয়া কামনা করে বলেন, আলহামদুলিল্লাহ মা ও বাচ্চারা এখন সুস্থ্য আছে। সর্বশেষে মা ও ৪ সন্তানের সুস্থ্যতা কামনায় দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার এস এম মুনিম লিংকনের আশু হস্থক্ষেপ কামনা করেছেন কুতুবপুর গ্রামের সচেতন মহল।